



২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নার্থে নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	:	এ.এইচ.এম. কামরুজ্জামান, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
সভার তারিখ	:	১৪/১২/২০২১ খ্রি.
সভার সময়	:	বিকেল ৩.৩০ মিনিট
সভার স্থান	:	প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালকের অফিস কক্ষ
সদস্যদের উপস্থিতি	:	পরিশিষ্ট-ক দৃষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সদস্য-সচিব ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নার্থে নৈতিকতা কমিটির সভায় ধারাবাহিকভাবে আলোচ্য বিষয় উপস্থাপন করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা/পরিবীক্ষণ	সভাপতি সভায় নৈতিকতা কমিটির ১ম সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে জানতে চাইলে সদস্য সচিব সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে প্রাপ্ত বাজেট বরাদ্দের বিপরীতে ইতোমধ্যে একটি ক্রয় পরিকল্পনা প্রণীত হয়েছে এবং তা পোর্টালে আপলোড করা হয়েছে। এছাড়া নৈতিকতা কমিটির ১ম সভার অন্যান্য সিদ্ধান্ত বাস্তবায়নের কাজ চলমান রয়েছে।	২০২১-২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সঠিক বাস্তবায়নার্থে সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ দায়িত্ব পালনে অধিকতর সচেতন হতে হবে।	নৈতিকতা কমিটি
০২	নৈতিকতা কমিটির সভা আয়োজন	নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়ে সভাপতি উপস্থিত সদস্যগণকে কিছু নির্দেশনা প্রদান করেন। তিনি জানান যে, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নার্থে নৈতিকতা কমিটির প্রতিটি সভা ত্রৈমাসিকের শুরুতে আয়োজন করা হলে কর্মপরিকল্পনা বাস্তবায়নে অধিক সুফল পাওয়া যাবে। সভায় তাতে উপস্থিত সকলে একমত পোষণ করেন।	নৈতিকতা কমিটির প্রতিটি সভা ত্রৈমাসিকের শুরুতে আয়োজন করতে হবে।	নৈতিকতা কমিটি
০৩	অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন	সদস্যসচিব সভায় জানান যে, মন্ত্রিপরিষদের নির্দেশনার আলোকে জাতীয় শুদ্ধাচার পরিকল্পনায় অংশীজনের অংশগ্রহণে বছরে ২টি সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। তাই অবিলম্বে স্টেকহোল্ডারদের সাথে চলতি মাসে একটি সভা আয়োজন করা একান্ত প্রয়োজন। উক্ত বিষয়ে জুম প্ল্যাটফর্মে অংশীজনের সাথে জরুরিভিত্তিতে সভা আয়োজনে একমত পোষণ করা হয়।	জুম প্ল্যাটফর্মে অংশীজনের সাথে জরুরিভিত্তিতে সভা আয়োজনের ব্যবস্থা করতে হবে।	নৈতিকতা কমিটি

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪.১২.২০২১

(এ.এইচ.এম. কামরুজ্জামান)
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
ফোন: ০২৪১-৩৬০২৫৩

স্মারক নম্বর: ৪৩.২৬.১৫০০.০০২.০৫.০০৬.১৯.১৩/২২২(৯)

তারিখ: ১৪/১২/২০২১ খ্রি.

বিতরণ:

- ১। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক, পরিসংখ্যান শাখা)।
- ২। সহকারী পরিচালক/সহকারী প্রোগ্রামার/টেকনিক্যাল এ্যাসিস্টেন্ট/প্রধান সহকারী/কেয়ারটেকার, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম।
- ৩। জনাব, চট্টগ্রাম।
- ৪। অফিস নথি।